

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ জুলাই'২০২৩খ্রি.

**সংস্কার হচ্ছে বহরদারহাট জামে মসজিদ, উদ্বোধন করলেন মেয়র**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্থায়নে ঐতিহ্যবাহী বহরদারহাট জামে মসজিদের সংস্কার কাজ উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার (১৪ জুলাই) জুমার নামাজের পর মুসল্লিদের নিয়ে মসজিদের ১ কোটি ৬৩ লক্ষ টাকার এ উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মেয়র।

এসময় মেয়র বলেন, মসজিদ আল্লাহর ঘর এবং পবিত্রতম স্থান। সুন্দর পরিবেশে ওজু ও নামাজ আদায় করতে পারলে আমাদের মনও সুন্দর ও প্রফুল্ল হয়। আমরা মসজিদে পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করে নিজেদের মহান সৃষ্টিকর্তার নিকট আত্মসমর্পণ করি। মসজিদ হলো নামাজ আদায়ের উপযুক্ত ও পবিত্র স্থান। নামাজে মাধ্যমে সমবেত মুসল্লিদের মধ্যে হৃদয়তা বাড়ে সমাজে শান্তি ও ভ্রাতৃত্বের বন্ধন প্রতিষ্ঠিত হয়। মসজিদের অসম্পূর্ণ উন্নয়ন কাজ সম্পূর্ণ হলে এলাকার মুসল্লিদের পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের সঙ্গে আদায়ের পাশাপাশি ইসলামী জ্ঞান অর্জনের সুযোগ পাবে।

এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর এম আশরাফুল আলম, মো. এসরাফুল হক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহীন উল ইসলাম, নির্বাহী প্রকৌশলী আবু সিদ্দিক, নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমরসহ মসজিদ পরিচালনা কমিটির সদস্য ও মুসল্লিরা।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮